

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড  
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০  
[www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ২২৬

তারিখ: ২২ জুলাই ২০১৮

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জুন ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।  
সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।  
স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।  
তারিখ ও সময় : ০৯ জুন ২০১৮, সময় : সকাল- ১০.০০ টা।  
উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃষ্টিকরণ করা হয়। গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা।	(ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী বিগত জুন ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থাপিত তথ্যে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পন্নকৃত কেইসের সংখ্যা বেশী থাকায় মহাপরিচালক সন্তোষ প্রকাশ করেন। তিনি আরো বলেন কিছু কিছু সময়ে দেখা যায় যে, নথিসমূহ তিন-চার মাস পর্যন্ত অনিষ্পন্ন থাকছে যা কোন মতেই কাম্য নহে। অবশ্যই দুই মাসের মধ্যে নথি নিষ্পত্তি করতে হবে।	আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত নথিসমূহ দুই মাসের মধ্যে নিষ্পত্তি করতে হবে।	পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.০	বিভিন্ন শাখার কার্যক্রম পর্যালোচনা, সমস্যা ও সমাধান।	মহাপরিচালক নথি নিষ্পত্তিতে কোন সমস্যা আছে কিনা এ বিষয়ে জানতে চাইলে নথি উপস্থাপকগণ বলে অনুমোদিত নথিসমূহ হিসাব শাখায় প্রেরণ করা হলে সেখানে নথি নিষ্পত্তিতে বিলম্ব হয়। মহাপরিচালক নথি বিলম্বিত হওয়ার কারণ উদ্ঘাটনপূর্বক সমস্যা সমাধানের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। (খ) প্রবাসে মৃত কর্মীগণ নিয়োগকর্তার নিকট হতে বকেয়া বেতন বাবদ প্রাপ্ত সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত বিতরণের জন্য মৃতের পরিবারের নিকট হতে ব্যাংক এ্যাকাউন্ট সংক্রান্ত সনদ ও স্থানীয় চেয়ারম্যান কর্তৃক ওয়ারিশ সনদে মৃতের স্ত্রী/ পিতা/মাতা/সন্তানকে ক্ষমতা প্রদানের সুপারিশসহ প্রত্যায়নের ভিত্তিতে অর্থ বিতরণের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	(ক) হিসাব শাখায় নথি বিলম্ব হওয়ার কারণ উদ্ঘাটনপূর্বক সমস্যা সমাধানের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। (খ) প্রবাসে মৃত কর্মীগণ নিয়োগকর্তার নিকট হতে বকেয়া বেতন বাবদ প্রাপ্ত সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত বিতরণের জন্য মৃতের পরিবারের নিকট হতে ব্যাংক এ্যাকাউন্ট সংক্রান্ত সনদ ও স্থানীয় চেয়ারম্যান কর্তৃক ওয়ারিশ সনদে মৃতের স্ত্রী/ পিতা/মাতা/সন্তানকে ক্ষমতা প্রদানের সুপারিশসহ প্রত্যায়নের ভিত্তিতে অর্থ বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (সকল)

